REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

সম্পাদক—শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত।


### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২, হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ✓০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ✓১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ✓০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



### বিজ্ঞাপন।

গ্রাহকগণের প্রতি নিবেদন :—

আমাদের দোকানে চাঁদি, সোনা, গিনি মোহর এবং সকলপ্রকার স্বর্ণ ও রৌপ্যের অলঙ্কার সর্ব্বদা বিক্রয়ার্থ প্রস্তুত থাকে। কোন অলঙ্কার প্রস্তুত করিতে দিলে আমরা নির্দ্দিষ্ট দিনে দিয়া থাকি। মফঃস্বলে ভিঃ, পিঃ, তে মাল পাঠান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীবিভূতিভূষণ দে এণ্ড ব্রাদার্স

জঙ্গিপুর, সাহেব বাজার, (মুর্শিদাবাদ)।

ডাঃ এন, এল, পালের

### সুদর্শন সার।

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ॥৵০ আনা।

ডাঃ নন্দলাল পাল।

রঘুনাথগঞ্জ।


১০ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২০শে চৈত্র বুধবার ১৩৩০ ইংরাজী 2nd April 1924 | ২৮শ সংখ্যা।


# হিলিংবাম

গত ৬০ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২॥০
" " ছোট শিশি ১৷০

# স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সমূলে গরম পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারদ, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত,সন্ধি বাত সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু,ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫।০ ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা।



## গুণে গন্ধে সৌরভসম্পদে কেশরঞ্জন অদ্বিতীয়।




কে-শ-র-ঞ্জ-ন সৌন্দর্য্য বৃদ্ধি করে।

কে-শ-র-ঞ্জ-ন মুখকে সুন্দর করে।

কে-শ-র-ঞ্জ-ন চুলকে খুব কাল করে।

কে-শ-র-ঞ্জ-ন কেশ পতন বন্ধ করে।

কে-শ-র-ঞ্জ-ন চিন্তাশীলের সহায়।

কে-শ-র-ঞ্জ-ন রমণীর অতি প্রিয়।

কে-শ-র-ঞ্জ-ন শ্রেষ্ঠ প্রেমোপহার।

কে-শ-র-ঞ্জ-ন সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

### রমণী-রক্ষায় অশোকারিষ্টের মত শ্রেষ্ঠ ঔষধ নাই।

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহারিষ্ট। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকারীশক্তি অসীম। অনেক সঙ্কটক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তিসুখময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্ট" রমণীরক্ষক হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কষ্টসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

| | | |
|---|---|---|
| মূল্য প্রতি শিশি | ... | ১৷০ দেড় টাকা। |
| প্যাকিং ও ডাকমাশুল | ... | ॥৵০ দশ আনা। |

### হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিগণের অবস্থা এক আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সমস্ত সুলভ মূল্যে পাওয়া যায়।

## কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যোনমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২০শে চৈত্র বুধবার, ১৩৩০ সাল।

## জঙ্গিপুর মহকুমার ম্যাজিষ্ট্রেট।

—:০:—

আমাদের জঙ্গিপুর মহকুমার সবডিভিসনাল অফিসার মৌলভী আবদুস্ সোব্হান্ মাহমুদ সাহেবের জঙ্গিপুরে কার্য্যকাল শেষ হইল। সরকারের প্রথানুসারে তাঁহাকে ময়মনসিংহ জেলার কিশোরগঞ্জ মহকুমায় বদলী হইতে হইল। যখন তিনি মহকুমার কার্য্যভার গ্রহণ করিয়া জঙ্গিপুরে আসেন সেই সময়ে অনেকে বিশেষতঃ হিন্দুগণের অনেকেই মনে করিয়াছিলেন যে মুসলমান হাকিম আসিতেছেন হয় ত হিন্দু ও মুসলমানকে সমচক্ষে দেখিতে পারিবেন না। মুসলমানগণেরই পোয়া বার হইবে। কিন্তু তিনি আসার পর সাধারণের সে বিশ্বাস দূর হইল। তিনি বিচার কার্য্য এরূপ নিরপেক্ষভাবে করিতেন যে কাহারও কোনও কথা বলিবার উপায়টী ছিল না।

এক অমল বাবু ছাড়া তাঁহার মত বয়সের ডেপুটী ম্যাজিষ্ট্রেট জঙ্গিপুর মহকুমার ভার প্রাপ্ত হইয়া আসেন নাই। মৌলভী সাহেবের এই বয়সেই 'বৃদ্ধত্বং জরসা বিনা' দেখা গিয়াছে। তাঁহার কার্য্যকালে জঙ্গিপুর মহকুমায় কোন বিশৃঙ্খলা দেখা যায় নাই। তাঁহার শাসন বিভাগের প্রধান মন্ত্র দুষ্টের দমন ও শিষ্টের পালন তিনি বেশ জানেন। আমরা কথনও তাঁহার হাকিমী গরম দেখি নাই। ভগবান তাঁহার উন্নতি করুন ইহাই আমাদের প্রার্থনা।

———

## জঙ্গিপুরে জলকষ্ট।

—:০:—

জঙ্গিপুর পূত-সলিলা ভাগীরথী তীরে অবস্থিত। মা জাহ্নবী কিন্তু অন্তঃসলিলা হইয়া ফল্গুত্ব প্রাপ্ত হইয়াছেন। যে সামান্য জল আছে তাহাতে স্রোত নাই। সেওলা জন্মিয়াছে। জলের রং দেখিয়া উহা পান করিবার প্রবৃত্তি খুব গঙ্গা ভক্তের হয় কিনা সন্দেহ। অন্যান্য ব্যবহারের জন্য অনেক পুকুর ডোবায় যে জল পাওয়া যাইত, ডাঃ বেণ্টলীর ড্রেনেজ স্কীমের কৃপায় সমস্ত পুকুর ডোবা জল শূন্য হইয়াছে। হুকুম হইয়াছে গঙ্গায় কেহ কাপড় ও বাসন ধুইতে পাইবে না। কোথায় ধুইবে? খাদ্য পরিধেয় দুষ্প্রাপ্য হইয়াছিল এক্ষণে আমরা পানীয় জলের অভাবও বেশ পাইতেছি। সুখের সীমা নাই।

———

## মুচি ও বাগ্দী কমিশনার।

—•—

বিগত ২৯শে মার্চ্চ শান্তিপুর মিউনিসিপাল নির্ব্বাচন হইয়াছে। দশটী পদের মধ্যে নয়টীতে কংগ্রেসের মনোনীত সদস্য প্রতিযোগীতা করেন এবং ৮টী পদ দখল করিতে সমর্থ হন। কোনও মুসলমান প্রতিনিধি কংগ্রেস পক্ষ হইতে দাঁড়াইতে সম্মত হন নাই। আট জন কংগ্রেস প্রতিনিধি ও দুইজন মুসলমান কমিশনার নির্ব্বাচিত হইয়াছেন। এই আট জনের মধ্যে অনুন্নত শ্রেণীর লোক নির্ব্বাচন করিয়া কংগ্রেস মহাত্মা গান্ধীর শিক্ষা সফল করিয়াছেন। দুইজন মুচি ও একজন বাগদী কমিশনার পদের জন্য মনোনীত হইয়া নির্ব্বাচিত হইয়াছেন।

———

## সতীর হস্তে লম্পটের শাস্তি।

—•—

ঢাকা ধামরাই থানার অধীন এক গ্রামে বিনোদবিহারী সাহার বাস। গত জানুয়ারী মাসে একদিন রাত্রিকালে বিনোদ তাহার পুরোহিত ললিত আচার্য্যের অনুপস্থিতিতে তাহার যুবতী স্ত্রীর নিকটে নিজের কুঅভিপ্রায় জানায়। ব্রাহ্মণ পত্নী বিনোদকে তিরস্কার করিয়া বলে যে, যদি সে তাহার গায়ে হস্তক্ষেপ করে তবে তাহার ভবলীলা সাঙ্গ হইবে। বিনোদ বলিষ্ঠ। যুবতীর কথা শুনিয়া হাসিয়া তাহাকে "এস এস প্রাণেশ্বরী" বলিয়া ধরিতে গেল। সতী রমণীর দেহে শতগুণ বলের সঞ্চার হইল। সে এক দাও লইয়া "তবে রে পিশাচ এই দেখ" বলিয়া ললিতের দেহ ক্ষত বিক্ষত করিল। কলির ইন্দ্র তখন প্রাণ লইয়া পলায়ন। স্বামী ফিরিয়া আসিয়া পুলিশে সংবাদ দেয়।

———

## অসাধারণ শক্তি সম্পন্ন বাঙ্গালী।

—•—

শ্রীযুক্ত সোমেশচন্দ্র বসুর নাম শিক্ষিত বাঙ্গালী মাত্রই বোধ হয় শুনিয়াছেন। ইঁহার অদ্ভুত শক্তি দেখিয়া শুধু বাঙ্গালী সুধী সমাজ নহে সমগ্র পাশ্চাত্য সমাজ পর্য্যন্ত স্তম্ভিত হইয়াছেন। গণিতে ইহার আশ্চর্য্য অধিকার ইনি মুখে মুখে অতি অল্প সময়ের মধ্যে বড় বড় পূরণ অঙ্ক করিতে পারেন। যে অঙ্কটী কাগজে কলমে করিতে হইলে আমাদের অন্ততঃ অর্দ্ধ ঘণ্টার প্রয়োজন সেই অঙ্কটী তিনি নির্ভুলভাবে দশ মিনিটে করিয়া দিতে পারেন। শুধু কি তাই,—৬ মাস পরেও যদি কেহ অঙ্কের ফলটী জিজ্ঞাসা করেন, তাহাও তিনি নির্ভুলভাবে বলিয়া দিবেন। তিনি প্রায় দুই বৎসর পূর্ব্বে ভারতবর্ষ হইতে ইউরোপ গমন করেন। সেখান হইতে আমেরিকায় যান। ইউরোপ ও আমেরিকার সুধী সমাজ বাঙ্গালী সোমেশচন্দ্রের অদ্ভুত স্মৃতিশক্তি ও গণিতে আশ্চর্য্যজনক অধিকার দর্শন করিয়া স্তম্ভিত হইয়াছেন। সেখানকার সংবাদ পত্র সমূহে সোমেশচন্দ্রের অনেক প্রশংসা বাহির হয়। ২৭শে মার্চ্চ সোমেশচন্দ্র আমেরিকা হইতে কলিকাতা আসিয়া পৌঁছিয়াছেন। সোমেশচন্দ্রের বাড়ী বিক্রমপুর, বজ্রযোগিনী অদ্ভুত স্মৃতিশক্তিসম্পন্ন সোমেশচন্দ্র বিদেশে বাঙ্গালীর গৌরব বৃদ্ধি করিয়াছেন। আমরা ভগবৎ সমীপে তাঁহার সুদীর্ঘ জীবন কামনা করি। গত শনিবার ঢাকা মেলে তিনি স্বগ্রাম গমন করিয়াছেন।

———

## বালকের উপর গুলি।

—•—

আপাততঃ অভিযোগ এইরূপ যে, ২৪ পরগণা টিটাগড় জাফরপুরের নিত্যানন্দ ঘোষ নামক চৌদ্দ বৎসর বয়স্ক এক বালক চাঁদমারীর রাস্তা দিয়া যাইতেছিল। এই সময়ে লক্ষ্য শিক্ষা চলিতেছিল। দৈবাৎ একটা গুলি আসিয়া বালকের অঙ্গে লাগিয়াছিল; জখম গুরুতরভাবেই হইয়াছিল। তৎক্ষণাৎ বালক মূর্চ্ছিত হইয়া পড়িল, প্রচুর রক্তস্রাব হইতে লাগিল। অতঃপর ইহাকে কলিকাতায় মেডিক্যাল কলেজে আনয়ন করা হইয়াছিল। এই স্থানেই বালকের মৃত্যু হইয়াছে। কলিকাতায় করোনারের বিচারে সিদ্ধান্ত হইয়াছে গুলি লাগার ফলে ধনুষ্টঙ্কার রোগে মৃত্যু! এই গুলি লাগা আকস্মিক। লর্ড লিটন এই গুলি লাগা ব্যাপারের অবিলম্বে নিরপেক্ষ তদন্ত ব্যবস্থা করুন। এক সময়ে ২৪ পরগণা দমদমা অঞ্চলে গুলি লাগার দুর্ঘটনা অতি মাত্রায় বৃদ্ধি পাইয়াছিল, টিটাগড়েও কি আবার সেইরূপ হইবে? চাঁদমারীর সময় চাঁদমারীর রাস্তা দিয়া লোকের গতিবিধি বিশেষরূপে নিষিদ্ধ না হইবার বা লোকের গতিবিধির রাস্তার নিকট চাঁদমারীর আড্ডা করিবার প্রবল হেতু কি থাকিতে পারে?

———

## ঘোড়ার স্পেশাল ট্রেণ।

এদেশে লাট সাহেবেরা স্পেশাল ট্রেণে বেড়ান বলিয়া আমরা দোষ দিই, কিন্তু দেখিতেছি, এদেশে সাহেবদের ঘোড় দৌড়ের ঘোড়ারা পর্য্যন্ত স্পেশাল ট্রেণে যায়। বারাপুরের রেসের ঘোড়াদের জন্য ই-বি-রেল কর্ত্তৃপক্ষ শিয়ালদহ হইতে স্পেশাল ট্রেণের ব্যবস্থা করিয়াছেন! কোকনদ কংগ্রেস যাত্রীদের সুবিধার জন্য মাদ্রাজের রেলে স্পেশাল ট্রেণ দেওয়া হইয়াছিল বলিয়া "পাইওনিয়র" অনুযোগ করিয়াছিলেন। গবর্ণমেণ্টের বিরোধী কংগ্রেসওয়ালাদের জন্য রেল-কর্ত্তৃপক্ষ স্পেশাল ট্রেণ দেন কেন? আমরা তখন বলিয়াছিলাম তোমাদের রেসের জুয়াড়দের জন্য যদি স্পেশাল ট্রেণ দেওয়া অন্যায় না হয়, তাহা হইলে ভারতে স্বরাজপ্রতিষ্ঠার উদ্যোগী কংগ্রেস যাত্রীদের জন্য স্পেশাল ট্রেণ দেওয়া মোটেই অন্যায় নয়। এখন দেখিতেছি,

রেসের শুধু মানুষ জুয়াড়দের জন্য নহে, রেসের ঘোড়াগুলির পর্য্যন্ত স্পেশাল ট্রেণের অধিকার। "পাইওনিয়র" হয়ত বলিবেন, কংগ্রেস যাত্রী শ্রীযুক্ত গান্ধী, মৌলানা মহম্মদ আলি প্রভৃতি অপেক্ষাও রেসের ঘোড়াগুলি স্পেশাল ট্রেণের অধিক উপযুক্ত।

## অদ্ভুত পেঁপে।

কুষ্টিয়ার কালীমদ্দিন মাহিয়ার বাড়ীতে একটী পেঁপে গাছে অদ্ভুত পেঁপে ফলিতেছে। একটী ফল কাটিলে দেখা যায় তাহার ভিতর আর একটী রহিয়াছে এবং সেটী কাটিলে তাহার ভিতর আবার আর একটী, আবার কাটিলে আরও একটী পেঁপে দেখিতে পাওয়া যায়। একটী ফলের ভিতর ২০।২৫টী পর্য্যন্ত পেঁপে পাওয়া গিয়াছে। আরও আশ্চর্য্যের বিষয় এই যে, গাছটীর যাবতীয় ফলই এইরূপ অদ্ভুত। কুষ্টিয়ার মুন্সেফ বাবু ইন্দুশেখর বসু সর্ব্ব প্রথম এই গাছটীর ফলের এইরূপ অদ্ভুত গঠনের বিষয় জানিতে পারেন। বাহিরের ফলটীর আকারের অনুপাতে ভিতরের ফলগুলির আকার।

## সতী।

মুর্শিদাবাদের শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় নামক একজন ভদ্রলোক প্রায় ছয় মাস হইতে যক্ষ্মারোগে ভুগিতেছিলেন। গত ২৮শে মার্চ্চ চিকিৎসকগণ শীঘ্রই সুকুমার বাবুর মৃত্যুর আশঙ্কা প্রকাশ করেন। ইহা শুনিয়া তাঁহার স্ত্রী কেরোসিনের সাহায্যে আত্মহত্যা করেন। এই ঘটনার আধ ঘণ্টা পরেই সুকুমার বাবুর মৃত্যু হয়। তাঁহাদিগকে এক চিতায় দাহন করা হইয়াছিল।

## নিলামের ইস্তাহার।

চৌকী জঙ্গিপুরের প্রথম মুন্সেফী আদালত।
নিলামের দিন ১৫ই এপ্রিল ১৯২৪।

৫৯১ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দিং দেঃ রবি মণ্ডল দিং দাবি ৫০৮৴০ পং সুলতানউজয়ান মৌজে ডাহিনা ১২/৪।০ কাত ১০৮৵৫ আঃ ২৫৲

৬৪৪ থাং ডিঃ চাঁন্দ খাঁ দিং দেঃ তালুক সেখ দাবি ৬৫৫ পং রুকুনপুর মৌজে চক হেদাতপুর ১/০ কাত ।৶০ ৪০৲


## বিজ্ঞাপন।

এতদ্দারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, ধুলিয়ান জিওলমারী বলরামপুর গঞ্জ মধ্যে আমাদের যে পোক্তা গুদামঘর সহ গদি আছে তাহা বিক্রয় করা হইবে। গ্রাহকগণ কি মূল্যে উক্ত গদি সহ গুদামঘর খরিদ করিতে পারেন তাহা আগামী ১৫ই বৈশাখ মধ্যে নিম্নলিখিত ঠিকানায় পত্র দিয়া অথবা সাক্ষাৎ করিয়া জানাইতে পারেন। বিক্রীত সম্পত্তির সম্বন্ধে কোন বিষয় জানিতে ইচ্ছা করিলে তাহাও জানিতে পারিবেন। উক্ত কারবের দেনা পাওনাও উপযুক্ত কমিশন বাদ দিয়া বিক্রয় করা হইবে।

শ্রীমহাদেবরাম শিবশঙ্কররাম ভকত।
পোঃ জিয়াগঞ্জ, ( মুর্শিদাবাদ )



খেতে কোন হাঙ্গামা নাই

অনুপান—গরম দুধ ; অভাবে গরম জল।

| | |
|---|---|
| মাত্রা | পূর্ণ বয়স্কের এক দাগ, ৬ হইতে ১২ বৎসর পর্য্যন্ত অর্দ্ধ দাগ, অনূ্যন বয়স্কের ৫।৭ বিন্দু হইতে সিকি দাগ। |
| ব্যবহার বিধি | সকালে ও বৈকালে এক দাগ করিয়া সুরবল্লী কষায় এক ছটাক আন্দাজ গরম দুধ ঠাণ্ডা করিয়া ঐ দুধের সহিত খাইতে হয়। দুধ অভাবে গরম জল ব্যবহার করা চলে। |
| পথ্যাপথ্য | পুরাতন চালের ভাত, কিম্বা রুটী বা লুচি এবং ছোট মাছ ; মুগ, ছোলা বা অড়… পটল, আলু, বেগুণ, ডুমুর, ঝিঙ্গা, উচ্ছে, কাঁঠাল বিচি, কাঁকুড়, থোড়, মোচা, … এঁচোড়, মটরশুটি, কপি প্রভৃতির ব্যঞ্জন সুপথ্য। তৈলপক্ক ব্যঞ্জন অপেক্ষা ঘৃতপক্ক … সাধারণ লুনের পরিবর্ত্তে সৈন্ধব লুন ; অল্প মিষ্টে প্রস্তুত সকল রকম ঘৃতপক্ক খাবার… মোহনভোগ, গজা, মেঠাই, মাখন, মিছরি, বেদানা, পেস্তা, বাদাম, কিসমিস, আঙ্গুর, … এবং সুপক্ক ফল আম, পানিফল, ইত্যাদি বিশেষ উপকারী। |
| সাধারণ নিয়ম | প্রয়োজন মত গরম জলে স্নান করা। গায়ে একটী জামা সর্ব্বদা রাখিলে ভাল হয়। সর্ব্বদা পরিষ্কার পরিচ্ছন্ন ও প্রফুল্লচিত্তে থাকা, কোষ্ঠ পরিষ্কার রাখা ও সুনিদ্রার প্রতি দৃষ্টি রাখা কর্ত্তব্য। |
| নিষিদ্ধ | নিয়মাদি ও অন্যান্য পালনোপযোগী নিয়মাদি সুরবল্লী কষায় ব্যবহার-বিধি পুস্তকে বিস্তারিত লেখা আছে। |

# সুরবল্লী কষায়

সেবনে বাত, সর্ব্বপ্রকার রক্তদুষ্টি ও চর্ম্মরোগ, যাবতীয় দুষ্টক্ষত, শারীরিক দৌর্ব্বল্য প্রভৃতি দূরীভূত হয়। উদ্ভিজ্জ দ্রব্যে প্রস্তুত, খাইতে সুস্বাদু। সকল বয়সে এবং সকল ঋতুতে নির্ব্বিঘ্নে ব্যবহার করিতে পারা যায়।

এক শিশি ১৷০ টাকা—ডাকমাশুল ৸/০ আনা

সি, কে, সেন এণ্ড কোং লিমিঃ
২৯ নং কলুটোলা ষ্ট্রীট
—কলিকাতা—

## অম্লরোগের মহৌষধ

অম্লপিত্তান্তক বহ্নি—সর্ব্ব অজীর্ণ অম্ল ও শূল রোগের অব্যর্থ মহৌষধ। এই ঔষধ সেবনে অম্লশূল, বুকের কামড় ও গা বমি বমি করা, মুখে জল উঠা, ভুক্তান্ন বমি হওয়া, অজীর্ণজনিত স্বপ্নদোষ, কোষ্ঠবদ্ধ, মধ্যে মধ্যে পাতলা দাস্ত হওয়া প্রভৃতি উপসর্গ আরোগ্য হয়। বহুকষ্টে সংগৃহীত ও সরকারী ডাক্তারের বৈজ্ঞানিক মতে পরীক্ষিত ও দেশীয় গাছগাছড়া দ্বারায় প্রস্তুত করা হইয়াছে। গর্ভবতী স্ত্রীলোক ভিন্ন সকলে সকল সময়ে সেবন করিতে পারেন। মূল্য প্রতি বড় শিশি ১৲ টাকা, ছোট শিশি ॥০ আনা মাত্র ডাক মাশুলস্বতন্ত্র।

## নিম সাবান।

●এই সাবান মাখিলে সামান্য খুজলি ( চুলকানি ) হইতে গলিত কুষ্ঠ পারদজনিত নানাবিধ চর্ম্মরোগ, ক্ষত, বাতরক্ত গায়ে চাকা চাকা দাগ হইয়া উঠা প্রভৃতি সর্ব্বপ্রকার রক্তদুষ্টিজনিত চর্ম্মপীড়া অতি শীঘ্র আরোগ্য হইয়া থাকে। মূল্য প্রতি বাক্স ৸০ বার আনা, মাশুলাদি স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ডাঃ শ্রীমুরারিরঞ্জন সিংহ।
ম্যানেজার—সিংহ এণ্ড কোং, বৃন্দাবন ও মথুরা ইউ, পি।

এজেন্টস্ :—১। ব্যানার্জ্জি কোং ও ২। শ্রীযুক্ত তিনকড়ি দাস। রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ) ৩। শ্রীযুক্ত রাধাশ্যাম ব্যানার্জ্জি। কান্দী, (মুর্শিদাবাদ)

বিনামূল্যে ও বিনামাশুলে

রত্নসদৃশ গ্রন্থরাজী প্রায় নিঃশেষ হইয়া আসিল !

সত্বর লিখুন—বিলম্বে হতাশ হইবেন।

ঠিকানা ঃ— বৈদ্যশাস্ত্রী মণিশঙ্কর গোবিন্দজী।

'আতঙ্ক নিগ্রহ ঔষধালয়,'

২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

আরও পড়ুন ! আরও দেখুন !! অবাক্ হইবেন !!!

নাম মাত্র মূল্যে দুষ্প্রাপ্য ও অমূল্য ধাতুঘটিত মহৌষধাবলী।


১। সকল সালসার রাজা "লোহাসব"।

ইহা সেবনে শরীরে প্রচুর বিশুদ্ধ রক্ত সঞ্চারিত হয় ও দেহ পরিপুষ্ট হয়। এই মহৌষধ সেবনে হাঁপানি যক্ষ্মা, বুকের বা হৃদ্‌যন্ত্রের যন্ত্রণা দূর হয় এবং প্লীহার বিস্তৃতি বন্ধ হয়। মূল্য ১২ তোলার ১ শিশি ১॥০ দেড় টাকা মাত্র।

২। "আরোগ্য অবলেহ" ব্যবহার করুন, ফল হাতে হাতে, প্রতি কৌটা ২০ তোলা পূর্ণ, মূল্য ২॥০ আড়াই টাকা মাত্র।

৩। "লৌহভস্ম" লউন—ইহা ব্যবহারে সত্য সত্যই লোহা হজম করিতে পারিবেন এবং দেহ লোহার মত শক্ত হইবে। মূল্য প্রতি তোলা ৫৲ টাকা মাত্র।

# ইলেক্ট্রিক সলিউসন্



মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা সর্দ্দি, কাশি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের প্রতি শিশি মাশুল বৃদ্ধি সমেত ১॥০ দেড় টাকা।

সোল এজেন্ট—ডিঃ ডিঃ হাজরা।

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহকক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ॥৶০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৶০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারদদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶০ এক টাকা তিন আনা.

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৌকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ॥০ আট আনা, মাশুলাদি ।৶০ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন


কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।

১নং। দামোদর সুধা। ঃ— মূল্য ॥৶০

ম্যালেরিয়া ও সর্ব্ববিধ পুরাতন জ্বরের মহৌষধ। মাশুলাদি স্বতন্ত্র




২নং বিনা অস্ত্রে আরোগ্য

অপেরীণ। ঃ—

বাগী, ফোঁড়া, ঠুন্‌কা, উরুস্তম্ভ, শীত্‌লী ব্রণ, কাকবিড়ালী, পৃষ্ঠব্রণ এমন কি আব (Tumour) প্রভৃতি প্রথম অবস্থায় বাহ্য প্রয়োগে বসিয়া যাইবে, এবং বিলম্বে লাগাইলে আপনি কাটিয়া যায়।

মূল্য ১৲ টাকা মাত্র; মাশুলাদি ॥০ আনা।

৩নং। স্পিরিট ক্যাম্ফর ঃ—ওলাওঠা (কলেরা) উদরাময় প্রভৃতি রোগের প্রথমাবস্থায় অত্যুৎকৃষ্ট ঔষধ। মূল্য ।৶০ আনা একত্রে ৩ শিশি ১৲।

৪নং। একজিন ঃ— একজিমা বা কাউরের একমাত্র মলম। মূল্য ॥০ আনা।

ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস।

ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ. কলিকাতা


রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।